



রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৪৫০০
ইমেইল: contact@rmstu.ac.bd, ওয়েব: www.rmstu.ac.bd
মোবাইল: ০১৭১০৩৩৭৯০৭

স্মারক নং: রাবিপ্রবি/একাডেমিক/২০২৪-২০২৫ শি: ভ:/৬৯/২০২৫/৬৮৮

তারিখ: ০২/০৩/২০২৫খ্রিঃ

ভর্তি বিজ্ঞপ্তি

GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) ১ম বর্ষে ভর্তির জন্য যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিকট হতে অনলাইনে <https://gstadmission.ac.bd/> আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। অনুসদ, বিভাগ ভিত্তিক আসন সংখ্যা এবং আবেদনের অত্যাৱশ্যকীয় শর্তাবলি:

ক্র: নং	অনুসদ	বিভাগ ও আসন সংখ্যা (মেধা ও কোটা সহ)	অত্যাৱশ্যকীয় শর্তাবলি
ক।	সায়েন্স, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৫০)	GST- A ইউনিটে সিএসই বিভাগে ভর্তির জন্য এইচএসসি/সমমান পরীক্ষায় গণিত বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ থাকতে হবে। ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের মধ্যে গণিত বিষয়ে উত্তরদাতাদেরকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
খ।	কৃষি ও বায়োলজিক্যাল সায়েন্স	ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স (৩০) ফিশারিজ এন্ড মেরিন রিসোর্সেস টেকনোলজি (৩০)	GST-A ইউনিটে ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের মধ্যে জীববিজ্ঞান বিষয়ে উত্তরদাতাদেরকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
গ।	ব্যবসায় প্রশাসন	ম্যানেজমেন্ট (৫০) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (৩০)	GST- C ইউনিটে ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের ক্ষেত্রে ইংরেজি বিষয়ে প্রাপ্ত স্কোরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে।
মোট=	অনুসদ ৩ টি	আসন সংখ্যা ১৯০ টি	

২। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে আবেদনের অত্যাৱশ্যকীয় শর্তাবলি এবং আসন বন্টন:

ক্র: নং	অনুসদ	বিভাগ	অত্যাৱশ্যকীয় শর্তাবলি
ক।	ব্যবসায় প্রশাসন	ম্যানেজমেন্ট ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট	> GST-A ইউনিট হতে রাবিপ্রবির ব্যবসায় প্রশাসন অনুসদে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের মধ্যে GST ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের ক্ষেত্রে উক্ত পরীক্ষায় গণিতে প্রাপ্ত স্কোরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে। > GST-B ইউনিট হতে রাবিপ্রবির ব্যবসায় প্রশাসন অনুসদে আবেদনের জন্য GST ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের মধ্যে উক্ত পরীক্ষায় ইংরেজি বিষয়ে প্রাপ্ত স্কোরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হবে।

বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে আসন বন্টন- GST- C ইউনিট হতে ব্যবসায় প্রশাসন অনুসদে ভর্তির জন্য ৮০%, GST- A ইউনিট হতে ব্যবসায় প্রশাসন অনুসদে ভর্তির জন্য ১৩% এবং GST- B ইউনিট হতে ব্যবসায় প্রশাসন অনুসদে ভর্তির জন্য ৭% আসন সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, এক্ষেত্রে GST- A ও B ইউনিট থেকে যোগ্য শিক্ষার্থী পাওয়া না গেলে GST- C ইউনিট হতে শূন্য আসন পূরণ করা হবে।

- উপর্যুক্ত আসনের মধ্যে কোটায় ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা (FFQ), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (EMQ), নন-ট্রাইবাল কোটা (পার্বত্য চট্টগ্রামের স্থায়ী বাসিন্দা)-NTQ, পোষ্য কোটা (WAQ), প্রতিবন্ধী কোটা (PCQ) এবং খেলোয়াড় কোটা (SPQ) অন্তর্ভুক্ত থাকবে। কোটায় ভর্তির ক্ষেত্রে আবেদনের সময় অবশ্যই সঠিক কোটা নির্বাচন করে আবেদন করতে হবে।
- আবেদনের সময়সীমা, আবেদন ফি ও আবেদনের পদ্ধতি সংক্রান্ত তথ্যাদি <https://gstadmission.ac.bd/> ও <https://www.rmstu.ac.bd/admission> তে পাওয়া যাবে।
- ভর্তির আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভর্তির পরে আবেদনপত্রে কোন ভুল/মিথ্যা তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে ভর্তিকৃত শিক্ষার্থীর ভর্তি বাতিল হবে ও সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- উপর্যুক্ত শর্তাবলিতে যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে


02.03.25

মাহবুব আরা

উপ-রেজিস্ট্রার (একাডেমিক)

ও

সদস্য-সচিব

২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কমিটি
রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): অবগতি ও কার্যার্থে

- ডীন (সকল অনুসদ), কৃষি ও বায়োলজিক্যাল সায়েন্স অনুসদ/ ব্যবসায় প্রশাসন অনুসদ/ সায়েন্স, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুসদ, রাবিপ্রবি।
- চেয়ারম্যান (সকল বিভাগ), ফিশারিজ এন্ড মেরিন রিসোর্সেস টেকনোলজি বিভাগ/ম্যানেজমেন্ট বিভাগ/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/ ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগ/ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, রাবিপ্রবি।
- প্রক্টর, রাবিপ্রবি।
- আইটি বিশেষজ্ঞ, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কমিটি, রাবিপ্রবি।
- পরিচালক (হিসাব), রাবিপ্রবি।
- উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর (প্রচারের অনুরোধসহ), রাবিপ্রবি।
- উপ-রেজিস্ট্রার (প্রশাসন), রাবিপ্রবি।
- সহকারী রেজিস্ট্রার (পিএস টি ভিসি), ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে, রাবিপ্রবি।
- সহকারী কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), রাবিপ্রবি।
- নোটিশ বোর্ড
- অফিস কপি।